অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/4/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

জয়েন্ট কমিশন অন পাবলিক ইথিকসে নিয়োগের বিষয়ে গভর্নর হোচুলের ঘোষণা

হোসে নিভস চেয়ারম্যান হিসেবে এবং শ্যারন স্টার্ন গার্টসম্যান কমিশনে পরিষেবা প্রদান করবেন

জয়েন্ট কমিশন অন পাবলিক ইথিকসে নিয়োগের বিষয়ে গভর্নর হোচুল আজ ঘোষণা করেছেন। গভর্নর হোসে নিভসকে চেয়ারম্যান হিসেবে এবং শ্যারন স্টার্ন গার্টসম্যানকে কমিশনে পরিষেবা প্রদান করার জন্য নিয়োগ করছেন। নিয়োগকৃত দুইজন রবার্ট কোহেন এবং জেমস ই. ডেরিং এর শূন্য পদে আসিন হবেন, যারা তাদের ভূমিকা থেকে সরে যাবেন।

"সরকারের উপর আস্থা পুনরুদ্ধার করা আমার প্রশাসনের এক শীর্ষ অগ্রাধিকার, এবং তার মধ্যে আছে নৈতিকতার তদারকি জোরদার করা," **গভর্নর হোচুল বলেন।** "হোসে নিভস এবং শ্যারন স্টার্ন গার্সটম্যান অতি-সম্মানিত এবং মেধাবী পেশাদার যারা উন্মুক্ত, নৈতিক শাসনের প্রতি আমাদের প্রতিশ্রুতি রক্ষা করবেন এবং শুধু রাজ্য সরকারই নয়, আরো গুরুত্বপূর্ণভাবে, তাদের রাজ্যের সরকারের প্রতি জনগণের ভাবমূর্তি এবং ধারণাকে রূপান্তরিত করতে সাহায্য করবেন।"

জোস নিভেস, হোসে এল. নিভস অ্যান্ড অ্যাসোসিয়েটসের (Jose L. Nieves & Associates) আইন অফিসের প্রতিষ্ঠাতা, কেরিয়ার প্রসিকিউটর, সেনাবাহিনীর যুদ্ধের প্রবীণ এবং সমাজের নেতা হিসেবে কুড়ি বছরেরও বেশি সময় ধরে জনসেবায় তাঁর জীবন উৎসর্গ করেছেন। তার আইন সংস্থা প্রতিষ্ঠার আগে, মি জনাব নিভস নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেলের অফিসে (Office of the New York State Attorney General) বিশেষ তদন্ত এবং প্রসিকিউশন ইউনিটে ডেপুটি চিফ হিসেবে কাজ করেছিলেন। জনাব নিভস মার্কিন পরিবহন বিভাগ (US Department of Transportation), ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশনের (Federal Aviation Administration) সাথে দায়িত্ব পালন করেছেন যেখানে তিনি পাইলট, এয়ার ক্যারিয়ার এবং এভিয়েশন মেকানিক্সের দ্বারা ফেডারেল এভিয়েশন রেগুলেশনের (FAR) বিভিন্ন লঙ্ঘনের তদন্ত এবং বিচারের তত্ত্বাবধান করেন এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব কারেকশনের (New York City Department of Correction) ট্রায়াল ও লিটিগেশন বিভাগের জন্য কাজ করেন। তিনি 10 বছরেরও বেশি সময় ধরে মার্কিন আর্মি রিজার্ভে (US Army Reserves) ক্যাপ্টেন ছিলেন এবং 2009 সালে আফগানিস্তানে নিযুক্ত ছিলেন। সেনাবাহিনীতে থাকাকালীন, জনাব নিভস মার্কিন সেনা সদস্যদের দ্বারা যৌন নিপীড়ন অপরাধ এবং অন্যান্য অসদাচরণের বিচার করেছিলেন এবং তাকে নিউ ইয়র্কের উত্তর জেলাতে মার্কিন অ্যাটর্নি অফিসের (US Attorney's office) জন্য বিশেষ মার্কিন অ্যাটর্নি হিসেবে কাজ করতে বলা হয়েছিল যেখানে

তিনি ফেডারেল আদালতে মামলার প্রক্রিয়াকরণ করেছিলেন। যখন তাকে আফগানিস্তানে মোতায়েন করা হয়েছিল, তাকে ল্যাঘমান প্রদেশে আইনের শাসনের মিশনের দায়িত্ব দেওয়া হয়েছিল। তিনি আফগান বিচারপতি, ডিফেন্স কাউনসেল এবং কৌঁসুলিদের ফৌজদারি আইন, বিচারের ওকালতি এবং তাদের নতুন গঠিত ফৌজদারি বিচার ব্যবস্থার প্রশাসনের বিষয়ে পরামর্শ দেওয়ার দিকে মনোনিবেশ করেছিলেন। জনাব নিভস বড় আকারের পরিকাঠামো প্রকল্পের তত্ত্বাবধানেও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন যার মধ্যে ছিল আদালত গৃহ এবং বিচার-পূর্ব আটকের ফেসিলিটির সংস্কার। তিনি 2014 পর্যন্ত সামরিক বাহিনীতে দায়িত্ব পালন করেছিলেন যখন তাকে সম্মানজনকভাবে বরখাস্ত করা হয়। জনাব নিভস সহকারী জেলা অ্যাটর্নি হিসেবে তার কর্মজীবন শুরু করেন কিংস কাউন্টি জেলার অ্যাটর্নি অফিসে (Kings County District Attorney's Office)। তার এগারো বছরের মেয়াদে, তিনি কাউন্সিলের পদে উন্নীত হন এবং দীর্ঘমেয়াদী মাদক দ্রব্যের তদন্ত, বন্দুক সম্পর্কিত অপরাধ, ডাকাতি, চুরি এবং হামলার মামলা সহ অন্যান্য সহিংস অপরাধ সহ শত শত ফৌজদারি মামলা পরিচালনা করেন। জনাব নিভস কুইন্সের সেন্ট জনস ইউনিভার্সিটি (St. John's University) থেকে ক্রিমিনাল জাস্টিসে স্নাতক ডিগ্রি অর্জন করেন এবং তিনি ব্রুকলিন ল স্কুল (Brooklyn Law School) থেকে J.D. অর্জন করেন।

শ্যারন স্টার্ন গার্স্টম্যান বাফেলোর, নিউ ইয়র্কের আইন সংস্থা ম্যাগ্যাভার্ন ম্যাগ্যাভার্ন গ্রিম LLP (Magavern Magavern Grimm LLP) এর একজন কৌশুলী। তিনি মধ্যস্থতা এবং সালিসি, মামলা এবং আপিল অনুশীলনের ক্ষেত্রে মনোনিবেশ করেন। মিসেস গার্স্টম্যান 2017-2018 সালে নিউ ইয়র্ক স্টেট বার অ্যাসোসিয়েশনের (New York State Bar Association) সভাপতি ছিলেন, আমেরিকান বার অ্যাসোসিয়েশনের (American Bar Association) বোর্ড অব গভর্নরসে দায়িত্ব পালন করেছেন এবং হাউজ অফ ডেলিগেটসে দায়িত্ব পালন করে চলেছেন। তিনি এরি কাউন্টির বার অ্যাসোসিয়েশনের (Bar Association of Erie County) একজন প্রাক্তন পরিচালক এবং এরি কাউন্টি বার ফাউন্ডেশনের (Erie County Bar Foundation) এবং উওমেন লইয়ার্স অফ ওয়েস্টার্ন নিউ ইয়র্কের (Women Lawyers of Western New York) প্রাক্তন সভাপতি। তিনি বিভিন্ন বার অ্যাসোসিয়েশন থেকে অসংখ্য পুরস্কার পেয়েছেন এবং আমেরিকান বার ফাউন্ডেশন এবং নিউ ইয়র্ক স্টেট বার ফাউন্ডেশনের লাইফ ফেলো। তিনি আমেরিকান ল্য ইনস্টিটিউটের (American Law Institute) একজন নির্বাচিত সদস্যও। তিনি ইউনিভার্সিটি অফ টলেডো (University of Toledo), মিসৌরি-কানসাস সিটি ইউনিভার্সিটির (University of Missouri-Kansas City) এবং বাফেলোর ইউনিভার্সিটির (University at Buffalo) আইন স্কুলে শিক্ষকতা করেছেন, যেখানে তিনি 30 বছর ধরে নিউ ইয়র্ক প্র্যাকটিস শিখিয়েছিলেন। তিনি অসংখ্য আইন পর্যালোচনা নিবন্ধের লেখক, নিউ ইয়র্ক সিভিল প্র্যাকটিস (জেমস পাবলিশিং) এর সহ-লেখক, এবং টিনি ওয়েইনস্টাইন কর্ন এবং মিলার, নিউ ইয়র্ক সিভিল প্র্যাকটিসের সম্পাদকীয় বোর্ডে রয়েছেন: CPLR। আইন স্কুল শিক্ষকতার পাশাপাশি, মিসেস গার্স্টম্যানের পেশাগত অভিজ্ঞতার মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট সুপ্রিম কোর্টে কোর্টের (New York State Supreme Court) অ্যাটর্নি/রেফারি এবং প্রিন্সিপাল ল্য ক্লার্ক হিসেবে 29 বছর পরিষেবা প্রদান করেন, যেখানে তার প্রাথমিক দায়িত্ব ছিল দেওয়ানি মামলার নিষ্পত্তিতে মধ্যস্থতা করা। মিসেস গার্স্টম্যান ব্রাউন ইউনিভার্সিটি (Brown University) থেকে স্নাতক ডিগ্রি, পিটসবার্গ ইউনিভার্সিটি (University of Pittsburgh) থেকে তার জুরিস ডক্টরেট এবং ইয়েল ল স্কুল (Yale Law School) থেকে মাস্টার্স অফ ল্য প্রাপ্ত হন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন